# উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

**নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার মে/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় : ১৫-০৫-২০২৩খ্রিঃ, বেলা ১১:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে ০৮ নং ক্রমিকে সিরাজপুর চেয়ারম্যানের যে বক্তব্য উদ্ধৃত করা হয়েছে তা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নয় এ বিষয়ে সংশোধনের সংশোধনী প্রস্তাব আনা হয়। উক্ত সংশোধনী প্রস্তাব সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার। |
| ৩। **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৪। **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৫। **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** বিদ্যালয়ে প্রথম প্রান্তিক মূল্যায়ন চলমান। প্রাথমিক মান উন্নয়নে এসএমসি, প্রধান শিক্ষকসহ গণ্যমান্য ব্যক্তি-বর্গের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সকল কর্মকর্তাদের অংশগ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৬। **মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭। **এলজিইডি ঃ**<br>(ক) ২০২২-২৩ অর্থ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় বাস্তবায়নাধীন সকল কাজ দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সার্বিক সহযোগিতা প্রধানের জন্য অনুরোধ করেন। | ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নাধীন সকল কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রধানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৮। **মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, গত মার্চ/২০২৩ এবং এপ্রিল/২০২৩ এর মাসিক সভার কার্যবিবরণীতে সিরাজপুর চেয়ারম্যানের যে বক্তব্য উদ্ধৃত করা হয়েছে তা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নয় এ বিষয়ে সংশোধনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | এপ্রিল/২০২৩ মাসের সভার কার্যবিবরণীতে মহিলা বিষয়ক কর্মকর্তার বক্তব্য সংশোধন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৯। **সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ২০২২-২৩ অর্থবছরের নির্বাচনী ক্যালেন্ডার, প্রশিক্ষণ ক্যালেন্ডার ও অডিট ক্যালেন্ডার প্রণয়ন করা হয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১০। **খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | |
|---|---|---|
| ১১। **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,<br>১। উপজেলার এসএসসি কেন্দ্র ৪টি দাখিল মাদ্রাসা কেন্দ্র ২টি ও ভোকেশনাল কেন্দ্র ১টি সহ সর্বমোট ৭টি কেন্দ্রে সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা হচ্ছে।<br>২। জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ সরকারী নির্দেশনা মোতাবেক ১৩.০৫.২০২৩ খ্রি: তারিখে উপজেলা পর্যায় সম্পন্ন হয়েছে।<br>৩। যেসকল শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ মিনার নেই সেসকল প্রতিষ্ঠানকে স্ব-স্ব ব্যবস্থাপনায় শহীদ মিনার নির্মানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে পত্র জারি করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১২। **পরিসংখ্যান বিভাগ ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৩। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ** উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |
| ১৪। **যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫। **বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২নং চরপার্বতী ইউনিয়নে বিগত বছরে ৫২ কি:মি: বাগান করা হয়েছে। বর্তমানে বাগানের গাছের বৃদ্ধি সন্তোষজনক। এছাড়া বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬। **জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে শুষ্ক মৌসুমে পানির স্থিতিতল প্রায় ২৮-৪০ ফিট নীচে নেমে যায়, যার ফলে অধিকাংশ ০৬নং হ্যান্ড পাম্পযক্ত গভীর নলকূপে পানি উঠেনা। এমতাবস্থায় ০৬নং হ্যান্ড পাম্পযুক্ত গভীর নলকূপ বসাতে জনগণের কোন আগ্রহ নেই। তাই জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প হতে ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দকৃত ২০৮টি গভীর নলকূপ যাতে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ (এসটিপি) বরাদ্দ প্রদান করার জন্য সুপারিশ করার জন্য অনুরোধ করে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭। **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানায় যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তবে কিছু ভাতাভোগীর ভাতার টাকা তাদের অসচেতনতার কারণে ওটিপি শেয়ারের মাধ্যমে প্রতারক চক্র হাতিয়ে নিচ্ছে। এই বিষয়ে ইউনিয়ন পরিষদ প্রচারনামূলক কার্যক্রম যেমন মাইকিং চালালে সেবা গ্রহীতারা উপকৃত হবে। | ভাতাভোগীরা যেন ওটিপি শেয়ার না করে সে বিষয়ে সকলকে অবগত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৯। **বিদ্যুৎ বিভাগ:** আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় জানান যে, বর্তমানে ০৮ মেগাওয়াট লোডের বিপরীতে ০৩ মেগাওয়াট লোড বরাদ্দ আছে। তার দপ্তরে বাজার ফিডারে প্রায় ০৩ মেগাওয়াট লোডে চাহিদা থাকায় অন্যান্য ফিডারগুলোতে লোডশেডিং হচ্ছে। এজন্য তার দপ্তর আন্তরিকভাবে দুঃখিত। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ১৯। **ডিজিএম (পল্লী বিদ্যুৎ) :** ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় জানান যে, বর্তমানে চাহিদার বিপরীতে ৫০%-৬০% বিদ্যুৎ পাওয়া যাচ্ছে। গড়ে প্রতিটি ফিডারে ১০-১২ ঘন্টা লোডশেডিং করা হচ্ছে। আশা করা যাচ্ছে আগামী ১৫ দিনের মধ্যে বিদ্যুৎ পরিস্থিতির কিছুটা উন্নতি হবে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২০। **পল্লী উন্নয়ন অফিস ঃ** পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| ২১। **বিএডিসি বিভাগ** ঃ উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২২। **তথ্য কেন্দ্র :** তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, মে/২৩ এবং জুন/২৩ মাসে ০৩টি করে মোট ০৬টি উঠান বৈঠক অনুষ্ঠিত হবে। প্রতিটি উঠান বৈঠকে মোট ৫০ জন করে গ্রামীণ মহিলা অংশগ্রহণ করবেন। এছাড়া ডোর টু ডোর সেবা এবং তথ্য কেন্দ্রের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২৩। চেয়ারম্যান, ০১ নং সিরাজপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তিনি ফেব্রুয়ারি ২০২৩ ইং মাসের ভিডব্লিউবি প্রোগ্রামে বিতরণের জন্য গুদাম হতে ইউনিয়ন পরিষদে আনিত চালের মধ্যে ১১ (এগারো) কেজি চাল ওজনে কম হওয়ার কথা বলেছিলেন, প্রকৃতপক্ষে চাল বিতরনের সর্বশেষ পর্যায়ে উক্ত ১১ কেজি চাল বস্তার নিচে পাওয়া যায়। ফলে উক্ত ১১ কেজি বস্তাবিহীন চালসহ সর্বশেষ উপকারভোগীর মধ্যে সঠিক ওজনে বিতরণ করা হয় এবং তিনি গত মার্চ মাসের সাধারণ সভার কার্যবিবরণীতে তার বক্তব্যটি সংশোধনের জন্য অনুরোধ করেন। | মার্চ/২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণীতে তার বক্তব্যটি সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত। | সংশ্লিষ্ট সকল |
| ২৪। চেয়ারম্যান, ০২ নং চরপার্বতী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নের ০১নং ওয়ার্ডের একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাদের সমস্যার কারণে বিদ্যালয়ে পাঠদানে সমস্যা হচ্ছে। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৫। চেয়ারম্যান, ০৩ নং চরহাজারী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী আশ্রয়ন প্রকল্পের ১৮ টি ঘরের মধ্যে ১০ টি ঘরে প্রকৃত গৃহহীনরা বসবাস করে বাকী ৮ টি ঘরে উপকারভোগী কর্তৃক ভাড়া দেয়া হয়েছে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে ছাত্র/ছাত্রী সংখ্যা কমে যাচ্ছে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৬। চেয়ারম্যান, ০৫নং চরফকিরা ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে ০৯নং ওয়ার্ডে কিছু পরিবার মানবেতর জীবনযাপন করছে তাদের জন্য সুপেয় পানি ও রাস্তার ব্যবস্থা করা প্রয়োজন। ৬নং ওয়ার্ডের কিছু ঝুকিপূর্ণ ব্রীজ আছে যেগুলো করার বিষয়ে অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৭। চেয়ারম্যান, ০৬ নং রামপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে ৭নং ওয়ার্ডের কমিউনিটি ক্লিনিকের ছাদ দিয়ে পানি পড়ে এবং আসবাবপত্রের সংকটও রয়েছে। এছাড়া প্রতিবন্ধী ভাতার টাকা অন্য কেউ নিয়ে যাচ্ছে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৮। চেয়ারম্যান, ০৭ নং মুছাপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী এর প্রতিনিধি বলেন, তার ইউনিয়নে ৩নং ওয়ার্ডের কমিউনিটি ক্লিনিকে ছাদ দিয়ে পানি পড়ে এ সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৯। প্যানেল চেয়ারম্যান, ০৮ নং চরএলাহী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী চরএলাহীতে আগুনে ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের উপজেলা কর্তৃক আর্থিক সাহায্য করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া চরএলাহী ইউনিয়নের বেড়ীবাঁধগুলোর বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৮। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন (পুরাতন) এর পশ্চিম দিকের ২য় তলায় একটি কক্ষে নতুন দরজা লাগানো ও ২টি পানির মটর মেরামতের ব্যয় বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) উপজেলা পরিষদের পৌরকর উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন (পুরাতন) এর পশ্চিম দিকের ২য় তলায় একটি কক্ষে নতুন দরজা লাগানো ও ২টি | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

| | | |
|---|---|---|
| প্রত্যেক দপ্তরের সামনে ১ (এক) টি করে প্যাডেল ডাস্টবিন (প্লাস্টিক) সরবরাহ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের পুরাতন কোর্ট বিল্ডিং এর ভিতর দিয়ে উপজেলা পরিষদ মিলনাতয়ন (নতুন) ভবনের দিকে আসা সরু পথে রাতের বেলায় বখাটে লোকজন আড্ডা দেয় এবং অবৈধভাবে বিভিন্ন মাদক গ্রহণ করে। এতে করে উপজেলা পরিষদের নবনির্মিত মিলনাতয়ন ও কমপ্লেক্স ভবন নিরাপত্তা বিঘ্নিত হতে পারে মর্মে আশঙ্কা করা হয়। জরুরী ভিত্তিতে উক্ত পথটি বন্ধ করার জন্য একটি ব্রিকসের ওয়াল তৈরি করার আলোচনা করা হয়। | পানির মটর মেরামতের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের পৌরকর উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রত্যেক দপ্তরের সামনে প্যাডেল ডাস্টবিন (প্লাস্টিক) সরবরাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের পুরাতন কোর্ট বিল্ডিং এর ভিতর দিয়ে উপজেলা পরিষদ মিলনাতয়ন (নতুন) ভবনের দিকে আসা সরু পথটি বন্ধ করার জন্য একটি ব্রিকসের ওয়াল তৈরি করার এবং RFQ পদ্ধতিতে উক্ত কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩- ৯৪৯

তারিখ ঃ ২১ মে ২০২৩

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ...................................................... কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd